তারেকের জায়গায় হাসিনার নাম কেন, জানালেন জাপানের বাণিজ্যমন্ত্রী



ছবি: সংগৃহীত

জাপানের বাণিজ্যমন্ত্রী রিওসেই আকাজাওয়া জানিয়েছেন, সামাজিক যোগাযোগমাধ্যম এক্সের স্বয়ংক্রিয় অনুবাদজনিত ত্রুটির কারণে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের নামের পরিবর্তে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম প্রকাশ পেয়েছিল। এ ঘটনায় কূটনৈতিকভাবে বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয় তাঁকে।

শুক্রবার (৬ নভেম্বর) টোকিওতে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আকাজাওয়া বলেন, বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান সম্পর্কে তিনি অবগত। তবে তাঁর সঙ্গে বৈঠকের ছবি দিয়ে এক্সে পোস্ট করার পর স্বয়ংক্রিয় অনুবাদে নামের এই বিভ্রান্তি তৈরি হয়।

এএফপির বরাতে এ তথ্য জানিয়েছে জার্মান সংবাদমাধ্যম ডয়চে ভেলে। আকাজাওয়ার অভিযোগ, এক্সের অনুবাদ ত্রুটি এমন ধারণা তৈরি করেছে যে, তিনি যেসব দেশের নেতাদের সঙ্গে বৈঠক করছেন, তাঁদের পরিচয়ও জানেন না।

জাপানের এই মন্ত্রী বলেন, এমন ভুলের কারণে বাংলাদেশের মানুষের মধ্যে ধারণা তৈরি হতে পারে যে, দেশটির প্রধানমন্ত্রী কে, তা জাপানের অর্থনীতি, বাণিজ্য ও শিল্পমন্ত্রী জানেন না। বিষয়টিকে তিনি গুরুতর বলে উল্লেখ করেন।

গত ২৮ অক্টোবর তারেক রহমানের সঙ্গে বৈঠকের পর জাপানি ভাষায় এক্সে একটি পোস্ট দেন আকাজাওয়া। সেখানে বৈঠকের তথ্য ঠিক থাকলেও ইংরেজিতে স্বয়ংক্রিয় অনুবাদের সময় তারেক রহমানের নামের জায়গায় শেখ হাসিনার নাম চলে আসে। ফলে পোস্টটি পড়ে মনে হচ্ছিল, তিনি শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন।

এ ধরনের সমস্যায় এবারই প্রথম পড়েননি আকাজাওয়া। বৃহস্পতিবার (৫ নভেম্বর) কুয়েতের তেলমন্ত্রী তারেক আল-রুমির সঙ্গে অনলাইন বৈঠক নিয়ে করা পোস্টেও একই ধরনের অনুবাদ বিভ্রাট ঘটে। সেখানে কুয়েতের মন্ত্রীর পরিবর্তে কাতারের জ্বালানিমন্ত্রীর নাম দেখানো হয়। এর আগে যুক্তরাষ্ট্রের বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিকের সঙ্গে বৈঠকসংক্রান্ত পোস্টেও ভুল নাম এসেছিল।

পরপর তিনবার এমন অভিজ্ঞতার কথা তুলে ধরে এক্সের অনুবাদ ব্যবস্থা সংশোধনের আহ্বান জানিয়েছেন জাপানের বাণিজ্যমন্ত্রী।